



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে ঃ-

১। উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগ

নিম্নমান সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে কমপক্ষে স্নাতক/ডিগ্রি পাশ হইতে হইবে। কম্পিউটার চালনা, MS Word, Excel এবং বাংলা ও ইংরেজী টাইপিংয়ে পারদর্শিতা থাকিতে হইবে। হিসাব রক্ষণের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।
---	-----------	---

২। দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগ

গ্রন্থাগার সহকারি টাঃ-৯৭০০-২৩৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে কমপক্ষে স্নাতক পাশসহ তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে ডিপ্লোমা পাশ হইতে হইবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
--	-----------	---

৩। হিসাব পরিচালকের অফিস

(ক) জুনিয়র হিসাব সহকারি টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	৫(পাঁচ)টি	প্রার্থীকে বাণিজ্যে ন্যূনতম স্নাতক পাশ হইতে হইবে। শিক্ষা জীবনে কোন ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সি.জি.পি.এ গ্রহণযোগ্য নয়। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক।
(খ) হিসাব রক্ষক টাঃ-১১৩০০-২৭৩০০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে বাণিজ্যে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পাশ হইতে হইবে। শিক্ষা জীবনে কোন ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সি.জি.পি.এ গ্রহণযোগ্য নয়। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক।

৪। প্রধান প্রকৌশলীর দপ্তর

কার্য সহকারি টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে এইচ.এস.সি পাশ হইতে হইবে। সরকার অনুমোদিত কারিগরী ইনস্টিটিউট হইতে ১(এক) বৎসর মেয়াদী ট্রেডকোর্স পাশসহ ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে অথবা বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে যে কোন সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট হইতে ৩/৪ বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সিভিল) পাশসহ কমপক্ষে ১(এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন ৩য় বিভাগ/শ্রেণি/ জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
---	-----------	---

আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রে তাহার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করিতে হইবে। এইরূপ কোন তথ্য গোপন করিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহার পরীক্ষা পাসের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ০৬-০৯-২০১৮ খ্রিষ্টাব্দ /২২-০৫-১৪২৫ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের চেয়ারম্যান-এর অফিসে, ক্রমিক-২ এর আবেদনপত্র দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান-এর অফিসে, ক্রমিক-৩ এর আবেদনপত্র হিসাব পরিচালকের অফিসে এবং ক্রমিক-৪ এর আবেদনপত্র প্রধান প্রকৌশলীর অফিসে পৌছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।